FROMI.L.A

Application for driving Instructor's License.
Rule 25 (3) of motor vehicles Rules 1984.

To,
The Director,
Bangladesh Road Transport Authority,
..................................................Dhaka.

I hereby apply for a driving instructor's License Authority to give instruction for hire or reward in the driving or motor vehicles of the following description.

(a) Motor cycle.
(b) Motor car rickshaw.
(c) Light motor vehicle.
(d) Medium motor vehicle.
(e) Heavy motor vehicle.
(f) Tractor.
(g) A Vehicle of a Special type (Description attached).

Particulars to be Furnished by the Applicant:-

1. Full name and name of father or husband (in the case of married woman)
2. Permanent address:
3. Present address:
4. Date of birth
5. Nationality:
6. Educational qualification:
7. Technical qualification:
8. Particulers of the license held by the applicant:

(a) Driving license No:
(b) Date of issue:
(c) Authority which issued the license:
(d) Period of validity:
(e) Class classes of motor vehicles:
(f) Date of authorization to drive heavy vehicles:
(g) Validity of driving license:

9. Have you been disqualified for obtaining a driving instructor's license of conductor's license? It so what reason and by which authorities.
10. Have you been subject to test for driving instructor's license? If so, give date and result of Test.
11. Are you of good character?
12. Are you generally fit as regards and bodily health to apart training in the driving of motor Vehicle.

I hereby to the best of my knowledge and belief particulars give above am true.

Date:-...............                                        Signature of the application

H:\lizu lad.doc

# ড্রাইভিং ইন্সট্রাক্টর লাইসেন্স এর আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় সংযুক্তি সমূহের তালিকা

- ড্রাইভিং ইন্সট্রাক্টর লাইসেন্স এর আবেদনপত্রের সাথে ২ কপি পাসপোর্ট সাইজ এবং ২ কপি স্ট্যাম্প সাইজ সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ড্রাইভিং ইন্সট্রাক্টর লাইসেন্স এর আবেদনপত্রের সাথে নিম্নোল্লিখিত কাগজপত্র দাখিল করতে হবেঃ <u>[নিম্নের ক্রমনম্বর অনুযায়ী কাগজপত্র সংযুক্ত করতে হবে এবং প্রতিটি ডকুমেন্ট এর উপর সংশ্লিষ্ট ডকুমেন্ট এর ক্রমনম্বর লিখতে হবে]</u>
  ১. ভারী গাড়ি চালনার প্রশিক্ষণ প্রদানের জন্য দরখাস্তকারীর ক্ষেত্রে বৈধ পেশাদার ভারী ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ফটোকপি (ভারী ড্রাইভিং লাইসেন্স প্রথম ইস্যুর পর অন্তত ০১ (এক) বছর অতিবাহিত হতে হবে) অথবা হালকা গাড়ি চালনার প্রশিক্ষণ প্রদানের জন্য দরখাস্তকারীর ক্ষেত্রে বৈধ পেশাদার হালকা ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ফটোকপি (হালকা ড্রাইভিং লাইসেন্স প্রথম ইস্যুর পর অন্তত ০৩ (তিন) বছর অতিবাহিত হতে হবে) ;
  ২. ভারী গাড়ি চালনার প্রশিক্ষণ প্রদানের জন্য দরখাস্তকারীর ক্ষেত্রে ভারী মোটরযান পরিচালনার কমপক্ষে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতার সনদপত্রের (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত) সত্যায়িত ফটোকপি অথবা হালকা গাড়ি চালনার প্রশিক্ষণ প্রদানের জন্য দরখাস্তকারীর ক্ষেত্রে হালকা মোটরযান পরিচালনার কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতার সনদপত্রের (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত) সত্যায়িত ফটোকপি (সনদপত্রে কত বছর মোটরযান চালিয়েছেন এবং কোন ধরনের মোটরযান ( হালকা/ মাঝারি/ ভারী) চালিয়েছেন তার উল্লেখ অবশ্যই থাকতে হবে) ;
  ৩. এস এস সি সনদের সত্যায়িত ফটোকপি;
  ৪. জাতীয় পরিচয়পত্র এর সত্যায়িত ফটোকপি (ভারী গাড়ি চালনার প্রশিক্ষণ প্রদানের জন্য দরখাস্তকারীর ক্ষেত্রে বয়স কমপক্ষে ২৭ (সাতাশ) হতে হবে / হালকা গাড়ি চালনার প্রশিক্ষণ প্রদানের জন্য দরখাস্তকারীর ক্ষেত্রে বয়স কমপক্ষে ২৪ (চব্বিশ) হতে হবে ) ;
  ৫. সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন এর মেয়র বা ওয়ার্ড কমিশনার, পৌরসভার চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার, স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, অথবা প্রথম শ্রেণির (ন্যূনতম গ্রেড-৯) সরকারী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত চারিত্রিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
  ৬. জীবনবৃত্তান্ত
- সকল ডকুমেন্টস দাখিল করতে হবে; অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

<u>**বিশেষ দ্রষ্টব্যঃ আই এল এ ফরম ( ILA Form) যথাযথভাবে এবং স্পষ্টভাবে পূরণ করতে হবে। ফরমের নিচে যোগাযোগের নিমিত্ত মোবাইল ফোন নম্বর এবং ইমেইল অ্যাড্রেস (যদি থাকে) লিখতে হবে।**</u>

(পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য)

# ড্রাইভিং ইন্সট্রাক্টর লাইসেন্স প্রাপ্তির প্রক্রিয়া

- আই এল এ ফরম ( ILA Form) পূরণপূর্বক সরকার কর্তৃক নির্ধারিত ফি (পুনরায় নির্ধারিত না হওয়া পর্যন্ত ৮৬৩ টাকা) প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হয়।
- সকল কাগজপত্র যাচাই এর পর ড্রাইভিং ইন্সট্রাকটর লাইসেন্স প্রদানের নিমিত্ত সুপারিশকারী বোর্ড এর সভাতে উপস্থাপন করা হয়।
- ড্রাইভিং ইন্সট্রাকটর লাইসেন্স প্রদানের নিমিত্ত সুপারিশকারী বোর্ড সভা যেদিন অনুষ্ঠিত হবে তা সকল আবেদনপ্রার্থীদের পত্রের মাধ্যমে অবহিত করা হয় এবং ঐদিন সকল আবেদনপ্রার্থীকে সকল কাগজপত্রের মূল কপি নিয়ে সভাতে উপস্থিত থাকতে হয়।
- উক্ত বোর্ড সভার দিন মোটরযান বিধি ১৯৮৪ এর ২৫(৫) ধারা মোতাবেক আবেদনকারীদের মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করেন। এ মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষার মাধ্যমে আবেদনকারীরা ট্রাফিক রুলস- রেগুলেশন এবং রোড সাইন, মোটরযান চালনা এবং মোটরযানের বিভিন্ন পার্টস ও এক্সেসরিজ, সড়ক পরিবহন সম্পর্কিত বর্তমানে কার্যকর আইন যথা সড়ক পরিবহন আইন-২০১৮ এর বিভিন্ন দিক এবং বিধিমালা সম্পর্কে সম্যক অবগত কী না তা পরীক্ষা করা হয়। সকল আবেদনপ্রার্থীকে যথাযথ প্রস্তুতি গ্রহণ করে বোর্ডের সভাতে উপস্থিত থাকতে হয়।
  **(প্রস্তুতি গ্রহণের জন্য বিআরটিএ এর ওয়েবসাইটে প্রদত্ত ড্রাইভিং পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর, সড়ক পরিবহন আইন-২০১৮ এবং বর্তমানে বলবৎ বিধিমালা, যেকোনো ড্রাইভিং স্কুলের ড্রাইভিং প্রশিক্ষণ ম্যানুয়াল, মোটরযান চালনা এবং মোটরযানের বিভিন্ন পার্টস ও এক্সেসরিজ এর উপরে রচিত গ্রন্থ ইত্যাদি অধ্যয়ন করা যেতে পারে)**
- ড্রাইভিং ইন্সট্রাকটর লাইসেন্স প্রদানের নিমিত্ত সুপারিশকারী বোর্ড সকল বিষয় মূল্যায়ন করে আবেদনপ্রার্থীকে ড্রাইভিং ইন্সট্রাক্টর লাইসেন্স দেওয়ার জন্য বা না দেওয়ার জন্য সুপারিশ করেন।
- ড্রাইভিং ইন্সট্রাক্টর লাইসেন্স পাওয়ার জন্য সুপারিশপ্রাপ্ত আবেদনপ্রার্থীকে ড্রাইভিং ইন্সট্রাক্টর লাইসেন্স আই এল ফরম (IL Form) প্রদান করা হয়।